মালয়েশিয়ার আন্তর্জাতিক সেমিনারে সেরা উপস্থাপক গবির রাশিদুল



গণ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রাশিদুল ইসলাম।

মালয়েশিয়ায় অনুষ্ঠিত ১৪তম ইন্টারন্যাশনাল সেমিনার অন মেডিকেল ফিজিক্স-২০২৬ (আইএসএমপি)-এর রেডিওথেরাপি ট্র্যাকে প্রথম স্থান অর্জন করে ‘বেস্ট ওরাল প্রেজেন্টার অ্যাওয়ার্ড’ পেয়েছেন গণ বিশ্ববিদ্যালয়ের (গবি) শিক্ষার্থী রাশিদুল ইসলাম।

গত ১০ ও ১১ অক্টোবর মালয়েশিয়ার ম্যানেজমেন্ট অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটিতে (এমএসইউ) অনুষ্ঠিত এ আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করে মালয়েশিয়া অ্যাসোসিয়েশন অব মেডিকেল ফিজিক্স (এমএএমপি)। এতে বিশ্বের বিভিন্ন দেশ থেকে ১২৮ জন অংশগ্রহণ করেন।

রাশিদুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মেডিকেল ফিজিক্স অ্যান্ড বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ৩৭তম ব্যাচের শিক্ষার্থী। সেমিনারে তিনি ‘ডোজিমেট্রিক ইমপ্যাক্টস অব আই-জি-আর-টি ডিটারমিনড ক্লিনিক্যাল শিফটস ফর লাং এস-বি-আর-টি পেশেন্টস’ শীর্ষক গবেষণা উপস্থাপন করেন। রেডিওথেরাপি ট্র্যাকে তাঁর উপস্থাপনাটি প্রথম স্থান অর্জন করে।

এ অর্জনে সন্তোষ প্রকাশ করে বিভাগের সহকারী অধ্যাপক মো. মোখলেসুর রহমান বলেন, রাশিদুলের এই স্বীকৃতি তাঁর ব্যক্তিগত সাফল্যের পাশাপাশি বাংলাদেশের মেডিকেল ফিজিক্সের শিক্ষার্থী ও তরুণ গবেষকদের জন্য অনুপ্রেরণার। গবেষণা উপস্থাপনা, আত্মবিশ্বাস ও দক্ষতার স্বীকৃতি হিসেবে পাওয়া এ সম্মাননা আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের মেডিকেল ফিজিক্স গবেষণার সম্ভাবনাও তুলে ধরেছে। তিনি রাশিদুলের ভবিষ্যৎ গবেষণা ও পেশাগত জীবনের সাফল্য কামনা করেন।

একই সেমিনারে গণ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের ৪৬তম ব্যাচের শিক্ষার্থী মো. আবদুল্লাহ আল মামুনও অংশ নেন। তাঁর উপস্থাপনার বিষয় ছিল খাদ্যনালির ক্যানসারের রেডিওথেরাপি পরিকল্পনায় দুটি ডোজ ক্যালকুলেশন পদ্ধতি—এএএ ও অ্যাকিউরোস এক্স বি—এর তুলনামূলক বিশ্লেষণ।